গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।
**www.lawjusticediv.gov.bd**

নং-১০.০০.০০০০.১২৭.৯৯.০০৩.১৮- ৪৬২

তারিখ ঃ ০২ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
১৭ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের নিম্নবর্ণিত কর্মকর্তাকে ২০২০ সনের ডিসেম্বর মাসে দেওয়ানী আদালতের অবকাশকালীন তাঁর নামের বিপরীতে উল্লিখিত জেলায় (জেলা ও দায়রা জজ আদালত, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, বিশেষ জজ আদালত, জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল, পরিবেশ আপীল আদালত, সাইবার ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের স্পেশাল ট্রাইব্যুনাল এবং মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনালসহ) জরুরি দেওয়ানী ও ফৌজদারী মামলাসমূহ গ্রহণ এবং তা হতে উদ্ভূত জরুরি বিষয়সমূহ শুনানী ও নিস্পত্তি করার জন্য ভ্যাকেশন জজ নিয়োগ করা হলো ঃ

| নং | নাম, পদবি ও বর্তমান কর্মস্থল | অধিক্ষেত্র জেলা |
|---|---|---|
| ১. | জনাব মোহাঃ বজলুর রহমান<br>অতিরিক্ত জেলা ও দায়রা জজ, চুয়াডাঙ্গা | চুয়াডাঙ্গা জেলা |

২। উল্লিখিত কর্মকর্তাকে উক্ত অবকাশকালীন ফৌজদারী কার্যবিধির ৪৩৫ ধারার অধীন পুনর্বিবেচনার দরখাস্ত ব্যতীত সকল ফৌজদারী দরখাস্ত ও মামলা গ্রহণ ও নিস্পত্তি করার জন্য ফৌজদারী কার্যবিধির ১৯৩ (২) ধারার অধীন ক্ষমতা প্রদানসহ তাঁকে উক্ত অবকাশকালীন চুয়াডাঙ্গা জেলা সদর দপ্তরে আসন গ্রহণ করার জন্য ফৌজদারী কার্যবিধির ৯ (৪) ধারার ক্ষমতা প্রদান করা হলো।

৩। বর্ণিত বিচারককে অবকাশকালীন The Civil Courts Act 1887 (Act No.XII of 1887) এর ধারা ১৪ ও ৩৬ অনুযায়ী সংশ্লিষ্ট জেলার অধিক্ষেত্রের জেলা সদরে আসন গ্রহণ করে জরুরি দেওয়ানী মামলা গ্রহণ ও তা হতে উদ্ভূত জরুরি বিষয়ে শুনানী ও নিস্পত্তি করার ক্ষমতা এবং শিশু আইন, ২০১৩ এর আওতায় গঠিত শিশু আদালতের কার্যক্রম পরিচালনা করার ক্ষমতা প্রদান করা হলো।

৪। সার্কিট ডিউটিতে কর্মরত কর্মকর্তা সরকারি গাড়ি ব্যবহারে প্রাধিকার প্রাপ্ত হবেন এবং বিধি মোতাবেক ডি,এ প্রাপ্ত হবেন।

৫। এতদমর্মে চুয়াডাঙ্গার জেলা ও দায়রা জজ জনাব রেজা মোঃ আলমগীর হাসান-কে চুয়াডাঙ্গা জেলার ভ্যাকেশন জজের দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৭/১২/২০২০
**(শেখ গোলাম মাহবুব)**
উপসচিব (প্রশাসন-১)

নং-১০.০০.০০০০.১২৭.৯৯.০০৩.১৮- ৪৬২

তারিখ ঃ ০২ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
১৭ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ, চুয়াডাঙ্গা।
প্রশাসনিক কারণে সার্কিট ডিউটিতে নিয়োজিত কর্মকর্তাকে জেলা ও দায়রা জজের কার, টেলিফোন ও অফিস চেম্বার ব্যবহারের সুবিধা প্রদানের জন্য সংশ্লিষ্ট জেলা ও দায়রা জজকে অনুরোধ করা হলো।
৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।

(অঃ পৃঃ দ্রঃ)

৪। জনাব মোহাঃ বজলুর রহমান, অতিরিক্ত জেলা ও দায়রা জজ, চুয়াডাঙ্গা ।
৫। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চুয়াডাঙ্গা ।
৬। পুলিশ সুপার, চুয়াডাঙ্গা ।
৭। মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় ।
৮। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা- ১/বাজেট/উন্নয়ন/ ৪/৫/৬/৭/৮, আইন ও বিচার বিভাগ ।
৯। সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ ।
১০। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা ।
(উপরের প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
১১। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় ।
১২। সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি, চুয়াডাঙ্গা ।
১৩। জিপি/পিপি, চুয়াডাঙ্গা ।
১৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, চুয়াডাঙ্গা ।
১৫। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ) ।

২৭/১৫/২০১৬

(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৬৬৩১